গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাংনী, মেহেরপুর ।
www.gangni.meherpur.gov.bd

স্মারক নং- ৩১.৪৪.৫৭৪৭.৫৬৮.৩২.১৭২.১৯-৩৮২

তারিখ ঃ ০৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ।
১৮ মার্চ, ২০১৯ খ্রি.।

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুসারে মেহেরপুর জেলার অন্তর্গত গাংনী উপজেলার নিম্ন বর্ণিত জলমহাল সমূহ বাংলা ১৪২৬ হতে ১৪২৮ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিকট হতে বর্নিত শর্ত মোতাবেক সীলমোহরকৃত খামে আবেদন পত্র আহবান করা যাচ্ছে। তফসিলভূক্ত যে কোন ব্যাংক থেকে উপজেলা নির্বাহী অফিসার, গাংনী এর অনুকুলে ৫০০/= (পাঁচ শত) টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য)জমা দিয়ে আবেদনপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত গাংনী উপজেলা ভূমি অফিস ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী হতে সংগ্রহ করা যাবে। আবেদন পত্র ছকে বর্নিত দাখিলের তারিখ বেলা ১২.০০ টার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনীতে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ১.০০ টার সময় সংশ্লিষ্ট কমিটির সদস্যগণের সম্মুখে আবেদন পত্র খোলা হবে।

দরপত্র দাখিলের তারিখ নিম্নরুপ ঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজা | আয়তন (একরে) | ১৪২৬ সনের ইজারা মূল্য | ১ম আবেদনপত্র দাখিলের তাং | ২য় আবেদনপত্র দাখিলের তাং | ৩য় আবেদনপত্র দাখিলের তাং |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | নিত্যানন্দপুর জলকর | নিত্যানন্দপুর | ১৫.৬৪ | ৪২,৬৮৩ | ২৭.০৩.১৯ | ০৩.০৪.১৯ | ১০.০৪.১৯ |
| ০২ | গাঁড়াডোব খাসপুকুর | গাড়াডোব | ১.৭০ | ২৫,০৬৯ | ২৭.০৩.১৯ | ০৩.০৪.১৯ | ১০.০৪.১৯ |
| ০৮ | বামুন্দি হর্টিকালচার সংলগ্ন পশ্চিম পাশের ডোবা | বামুন্দি | ১.০০ | ৫,২৫০ | ২৭.০৩.১৯ | ০৩.০৪.১৯ | ১০.০৪.১৯ |
| ০৯ | তেঁতুলবাড়ীয়া খাল | তেঁতুলবাড়ীয়া | ০.৭৮ | ৫,০০০ | ২৭.০৩.১৯ | ০৩.০৪.১৯ | ১০.০৪.১৯ |

শর্ত সমূহঃ

০১। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে।

০২। আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যে গুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ জেলা/উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করবেন এবং সাথে বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৩। স্থানীয় প্রকৃত মৎস্যজীবি সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/ সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী /তীরবর্তী সে সকল প্রকৃত মৎস্যজীবি সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায় তাহলে সে ক্ষেত্রে অন্যান্য পার্শবর্তী উপজেলা/জেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা যাবে।

(চলমান পাতা-২)

০৪। মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট /সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না।

০৫। নিবন্ধিত যুব মৎস্য সমিতি এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০৬। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অর্ন্তভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসাবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

০৭। লীজ গ্রহিতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, থাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবি সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

০৮। যার দরপত্র গৃহীত হবে তাকে অবহিত করনের ০৭(সাত) দিনের মধ্যে ইজারা মূল্য ও সরকার নির্ধারিত আয়কর ও ভ্যাট সরকারী কোষাগারে জমা প্রদান করে চালানের কপি এ কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার সমুদয় অর্থ আয়কর ও মূল্য সংযোজন কর জমা দিতে ব্যর্থ হলে কোনরুপ নোটিশ ব্যতিরেকেই তার দরপত্র বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে।

০৯। ১ম বছরের ইজারা অর্থ জমা দেওয়ার পর ৩০০/= (তিন শত) টাকা মাত্র নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে দরদাতা নিজ খরচে উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাংনী'র বরাবরে চুক্তি পত্র সম্পাদন করে নিবেন। চুক্তি পত্র সম্পাদন না করা পর্যন্ত ইজারা ভূক্ত সম্পত্তি/জলাশয় দখল হস্তান্তর করা হবে না।

১০। কোন নোটিশ ব্যতিরেকে দাখিলকৃত আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১৮/০৩/১৯
(বিষ্ণুপদ পাল)
পরিচিতি নম্বর: ১৬৮৮২
সহকারী কমিশনার (ভূমি)অঃ দাঃ
গাংনী, মেহেরপুর।

স্মারক নং- ৩১.৪৪.৫৭৪৭.৫৬৮.৩২.১৭২.১৯-৩৮২

তারিখ ঃ ০৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ।
১৮ মার্চ, ২০১৯ খ্রি.।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-৭৪, মেহেরপুর-২, গাংনী, মেহেরপুর।
০২। জেলা প্রশাসক, মেহেরপুর।
০৩। উপজেলা চেয়ারম্যান, গাংনী উপজেলা পরিষদ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী/মেহেরপুর সদর/ মুজিবনগর।
০৫। মেয়র, গাংনী পৌর সভা, গাংনী, মেহেরপুর।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ হলোঃ

০৬। উপজেলা --------------------অফিসার, গাংনী, মেহেরপুর।
০৭। চেয়ারম্যান,--------------------ইউপি, গাংনী, মেহেরপুর
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,----------------ইউনিয়ন ভূমি অফিস।

১৮/০৩/১৯
(বিষ্ণুপদ পাল)
পরিচিতি নম্বর: ১৬৮৮২
সহকারী কমিশনার (ভূমি)অঃ দাঃ
গাংনী, মেহেরপুর।